# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১০৫. শরীয়ত সমর্থিত কোন যুক্তিসঙ্গত কারণ ছাড়াই কারোর উপর এমনিতেই রাগ করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: জনৈক ব্যক্তি নবী (সা.) এর নিকট এসে বললো: হে নবী! আমাকে ওসিয়ত করুন। তখন নবী (সা.) তাকে বললেন:

لاَ تَغْضَبْ

“তুমি অহেতুক কোন রাগ করো না”।[1]

লোকটি নবী (সা.) কে বার বার ওসিয়ত করতে বললেও নবী (সা.) তাকে একই ওসিয়ত করেন। তুমি অহেতুক কোন রাগ করো না।

আবুদ্দারদা’ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَغْضَبْ ، وَلَكَ الْجَنَّةُ

“তুমি অহেতুক কোন রাগ করো না। তা হলে তুমি জান্নাত পাবে”।[2]

>

## ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৬১১৬)

[2] (স’হী’হুল-জা’মি’, হাদীস ৭৩৭৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11355

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন